# চতুর্দশ অধ্যায়: বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** জামান সাহেব তার বিবাহিত দুই ছেলে ও তাদের স্ত্রী-সন্তানদের নিয়ে একই পরিবারে বসবাস করছেন। অন্যদিকে তার প্রতিবেশী রাজিব চৌধুরী স্ত্রীসহ অবিবাহিত এক ছেলেকে নিয়ে বসবাস করছেন। ◀ *শিখনফল-১*

ক. পরিবার গঠনের পূর্বশর্ত কী? ১

খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২

গ. জামান সাহেবের বসবাসকৃত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজিব চৌধুরীর পরিবারটি একটি আদর্শ পরিবার— বিশ্লেষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** পরিবার গঠনের পূর্বশর্ত হলো বিবাহ।

**খ** শিশু জন্মের পর থেকে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ।

সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। কারণ একটি শিশু জন্মের পর থেকে মৃত্যুর আগ পর্যন্ত সমাজের বিভিন্ন ধাপ অতিক্রম করে। এছাড়া সমাজের বিভিন্ন সদস্যদের সংস্পর্শে এসে সে জ্ঞান অর্জন করে। সমাজের প্রথা, মূল্যবোধ, রীতিনীতি, আচার-আচরণ ইত্যাদি সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করে সমাজের সাথে খাপ খাইয়ে চলতে শেখে এবং সামাজিক মানুষে পরিণত হয়। এজন্যই বলা হয় সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া।

**গ** জামান সাহেবের পরিবারের ধরন হলো যৌথ পরিবার।

সমাজকাঠামোর ভিত্তি হলো পরিবার। আর এ পরিবারকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে। আকারের ভিত্তিতে পরিবারকে তিনভাগে ভাগ করা যায়। যেমন— একক বা অণু পরিবার, যৌথ পরিবার, বর্ধিত পরিবার। বাংলাদেশের সমাজব্যবস্থা ঐতিহ্যগত ভাবে যৌথ পরিবারভিত্তিক।

যৌথ পরিবার হচ্ছে সুদৃঢ় সামাজিক বন্ধন এবং জাতিগত ঐতিহ্যের প্রতীক। এ পরিবারের পিতামাতা, ভাইবোন, সন্তানাদি, ভ্রাতৃবধূ কিংবা পুত্রবধূর সহাবস্থান দেখা যায়। অর্থাৎ পরিবারের কর্তা, বাবা-মা একাধিক ভাইবোন আশ্রিত বা পোষ্যসহ স্ত্রী-পুত্র নিয়ে গঠিত পরিবারই হচ্ছে যৌথ পরিবার। উদ্দীপকে আমরা দেখতে পাই, জামান সাহেব তার বিবাহিত দুই ছেলে ও তাদের স্ত্রী-সন্তানদের নিয়ে একই পরিবারে বাস করেন। জামান সাহেবের পরিবার আকারের ভিত্তিতে যৌথ পরিবারের বৈশিষ্ট্য বহন করে। তাই বলা যায়, জামান সাহেবের পরিবারটি যৌথ পরিবার।

**ঘ** রাজীব চৌধুরীর পরিবার আকারের ভিত্তিতে একক বা অণু পরিবার।

একক বা অণু পরিবার হলো পরিবারের সবচেয়ে আধুনিক রূপ। সাধারণত পিতা-মাতা ও তাদের অবিবাহিত এক বা একাধিক সন্তান নিয়ে অণু পরিবার গঠিত। শহরাঞ্চলে সাধারণত এ ধরনের পরিবার বেশি দেখা যায়। উদ্দীপকের রাজীব চৌধুরী তার স্ত্রী ও অবিবাহিত সন্তান নিয়ে একসাথে বাস করেন যা অণু পরিবারের বৈশিষ্ট্য বহন করে।

একক বা অণু পরিবারকে আদর্শ পরিবার বলা হয়। কেননা, এ ধরনের পরিবারে সদস্য সংখ্যা কম হওয়ায় পরিবারের সবার চাহিদা পূরণ করা সম্ভব হয়। বিশেষ করে পরিবারের সব সদস্যদের খাদ্য, বস্ত্র, শিক্ষা ও চিকিৎসার চাহিদা পূরণ করা সম্ভব হয়। যৌথ পরিবারে পারিবারিক ঝামেলা লেগেই থাকে। কিন্তু একক পরিবারে এ ধরনের সমস্যা থাকে না বললেই চলে। এ ধরনের পরিবারে পিতা-মাতা সন্তানের লেখাপড়ার ব্যাপারে যথেষ্ট সচেতন থাকেন।

সার্বিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করলে একক পরিবারে সুবিধার পাশাপাশি কিছু অসুবিধাও বিদ্যমান। তবে বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে একক পরিবার অনেক সক্রিয়। আর অনুকূল পারিবারিক পরিবেশ এবং পরিবারের সব সদস্যদের চাহিদা অধিকাংশই পূরণ করা সম্ভব হয় বলে একক বা অণু পরিবারকে আদর্শ পরিবার বলা হয়।

**প্রশ্ন ▶২** সুদিপ্তা রাঙামাটিতে তার বন্ধু তুসিংদের বাসায় বেড়াতে যায়। সেখানে সে পরিবারগুলোতে মায়ের কর্তৃত্ব দেখতে পায়। সে আরও দেখতে পায় তুসিং মায়ের অনুগত এবং সমাজের অন্যান্য সংগঠনের সাথে তুসিং এর সম্পর্ক রয়েছে। ◀ *শিখনফল-২*

ক. পরিবার সমাজ কাঠামোর কোন ধরনের সংগঠন? ১

খ. কর্তৃত্বের ভিত্তিতে গঠিত পরিবার সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের গ্রাম ও শহরের পরিবারের ভূমিকা উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৩

ঘ. তুসিংয়ের সাথে সুষম সম্পর্ক গড়ে তুলতে সুদিপ্তাকে সমাজের কোন কোন উপাদান সাহায্য করছে— বিশ্লেষণ কর। ৪

**২নং প্রশ্নের উত্তর**

**ক** পরিবার হলো সমাজ কাঠামোর মৌল সংগঠন।

**খ** কর্তৃত্বের ভিত্তিতে পরিবার দুই ধরনের হয়ে থাকে, যেমন— পিতৃপ্রধান বা পিতৃতান্ত্রিক এবং মাতৃপ্রধান বা মাতৃতান্ত্রিক পরিবার।

পরিবারের সামগ্রিক ক্ষমতা ও কর্তৃত্বের ভার পুরুষ সদস্য অর্থাৎ পিতা, স্বামী কিংবা বয়স্ক ব্যক্তির উপর ন্যস্ত থাকলে এ ধরনের পরিবারকে পিতৃপ্রধান পরিবার বলে। এ ধরনের পরিবারের বংশ পরিচয় প্রধানত পুরুষ সূত্র দ্বারা নির্ধারিত হয়। আবার যে পরিবারে সামগ্রিক ক্ষমতা ও কর্তৃত্বের ভার মায়ের হাতে অর্থাৎ মা-ই পরিবারের সর্বময় কর্তা, এ ধরনের পরিবারকে মাতৃপ্রধান পরিবার বলে।

**গ** বাংলাদেশের গ্রাম ও শহরে পরিবারের ধরন ও ভূমিকায় পার্থক্য রয়েছে।

আমাদের দেশের গ্রামীণ ও শহুরে সমাজে পরিবারের ধরনের পরিবর্তনের সাথে সাথে এর ভূমিকারও পরিবর্তন ঘটেছে। গ্রাম বা শহর সবখানেই শিশুর সুন্দর জীবন গঠন ও তাদের অধিকার বিষয়ে পিতা-মাতা এখন অনেক সচেতন। তবে একটা সময় ছিল যখন আমাদের গ্রামীণ সমাজে যৌথ পরিবারের সংখ্যাই বেশি ছিল। বর্তমানে গ্রামে বর্ধিত পরিবার দেখা গেলেও শহরে এ ধরনের পরিবার নেই বললেই চলে। এছাড়া শহরে নয়াবাস পরিবার সর্বাধিক।

আমাদের দেশের গ্রামীণ ও শহুরে সমাজে পরিবারের ধরনের পরিবর্তনের সাথে সাথে এর ভূমিকারও পরিবর্তন ঘটেছে। গ্রাম প্রধান আমাদের দেশে এক সময়ে যৌথ পরিবারে শিশু বড় হতো। ফলে পরিবার থেকেই সে জীবনের প্রাথমিক শিক্ষা অর্জন করতো এবং অল্প বয়সেই বিভিন্ন পেশার সাথে জড়িয়ে পড়তো। কিন্তু, বর্তমানে গ্রাম ও শহর উভয় জায়গায় পিতা-মাতা শিশুর অধিকার ও শিক্ষা সম্পর্কে অধিক সচেতন। শিশুদের শিক্ষার জন্য তারা প্রাক-প্রাথমিক ও নার্সারি স্কুলগুলোকে গ্রহণ করছে। তবে গ্রামের চাইতে শহরে এ সুযোগ তুলনামূলকভাবে বেশি। সন্তান গ্রহণের ক্ষেত্রেও গ্রামের চেয়ে শহরের পিতা-মাতা অধিক সচেতন। শহরের পিতা-মাতা দুয়ের অধিক সন্তান চান না। এছাড়াও ধর্মীয় মূল্যবোধ, বিবাহের ধরন, বাল্যবিবাহ, যৌতুক প্রথা, নারী অধিকারে সচেতনতা ইত্যাদি ক্ষেত্রে গ্রাম ও শহরের পরিবারের ভূমিকায় এখনও পার্থক্য বিদ্যমান রয়েছে। উদ্দীপকের আলোকে দেখা যায়, তুসিংয়ের পরিবার মাতৃপ্রধান। যা আমাদের দেশের নির্দিষ্ট কিছু ক্ষুদ্র নৃগোষ্ঠীতে দেখা যায়। গ্রাম ও শহরের গতানুগতিক পরিবারের সাথে এ ধরনের পরিবারের ভূমিকায় ও ধরনে পার্থক্য রয়েছে।

**ঘ** উদ্দীপকে তুসিংয়ের সাথে সুষম সম্পর্ক গড়ে তুলতে সুদিপ্তাকে সামাজিক পরিবেশ, সমাজ জীবন ও সামাজিক মূল্যবোধ-এ তিনটি উপাদানই সাহায্য করেছে।

জন্মের পর মানব শিশু প্রথমে মায়ের এবং পরবর্তীতে অন্যান্য সদস্যের সংস্পর্শে আসে। পরিবারের সদস্যদের আচরণ শিশুর আচরণকে প্রভাবিত করে। এভাবে শিশু পরিবারের বাইরের পরিবেশ যেমন— খেলার সাথি, পাড়া-প্রতিবেশী, বিদ্যালয়, ধর্মীয় প্রতিষ্ঠান প্রভৃতি থেকে অভিজ্ঞতা অর্জন করে। শিশু যে সমাজে বেড়ে উঠে সে সমাজের প্রথা, মূল্যবোধ, রীতি-নীতি, আচার-আচরণ প্রভৃতি সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করে সামজের সাথে খাপ খাইয়ে চলতে শেখে এবং সামাজিক মানুষে পরিণত হয়।

যে প্রক্রিয়ায় শিশু ক্রমশ সামাজিক মানুষে পরিণত হয় তাকে সামাজিকীকরণ বলে। সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্ম হতে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ প্রক্রিয়া। এ প্রক্রিয়া সমাজের বিভিন্ন উপাদানের পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ার মাধ্যমে ঘটে। সমাজের বিভিন্ন উপাদানের প্রভাবে সুদিপ্তা যে শিক্ষা পেয়েছে তার ভিত্তিতেই সে ভিন্ন ভাবনার তুসিংয়ের সাথে সুষম সম্পর্ক গড়ে তুলতে পেরেছে।

সমাজের উপাদানের মধ্যে সামাজিক পরিবেশ উদ্দীপকের সুদিপ্তাকে ভিন্ন মত, পথ ও সংস্কৃতির সাথে খাপ খাইয়ে নিতে শিখিয়েছে। সমাজ জীবন তাকে শিখিয়েছে সমাজের বিভিন্ন কর্মকাণ্ড ও অনুষ্ঠান সংশ্লিষ্ট আচরণের সাথে মানিয়ে নিতে। সামাজিক মূল্যবোধ শিখিয়েছে সাধারণ সাংস্কৃতিক আদর্শ গ্রহণের শিক্ষা। তাই একথা সুস্পষ্ট যে, সমাজের একাধিক উপাদানের প্রভাবেই সুদিপ্তা মাতৃতান্ত্রিক পরিবারের সদস্য তুসিংয়ের সাথে সুষম সম্পর্ক গড়ে তুলতে পেরেছে।

**প্রশ্ন ▶৩** মালা ও শিলা একই স্কুলে পড়ে। তারা অন্তরঙ্গ বন্ধুদলের পর্যায়ে রয়েছে। মালাদের একটি টেলিভিশন আছে। সে মাঝে মাঝে শিলাকে তাদের বাসায় টেলিভিশন দেখাতে নিয়ে যায়। তারা টেলিভিশন দেখে অনেক নতুন নতুন আলোচনায় মেতে ওঠে। *◀ শিখনফল-৫ ও ৬*

ক. সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি? ১
খ. মিথস্ক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পর্যায়টি কোথায় তৈরি হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মালা ও শিলার নতুন নতুন আলোচনা কীভাবে তাদের সামাজিকীকরণের ক্ষেত্রে ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** পরিবার সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম।

**খ** সমাজের সদস্যদের পারস্পরিক আচরণগত প্রভাবের প্রতিক্রিয়াকে মিথস্ক্রিয়া বলে।

মানুষের সমাজ জীবনের মূল বিষয়ই হলো মিথস্ক্রিয়া। কারণ ব্যক্তির সামাজিকীকরণ সামাজিক পরিবেশ, সমাজ জীবন ও সামাজিক মূল্যবোধের পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ার মাধ্যমে ঘটে থাকে। মানুষের ব্যক্তিত্বের গঠন ও বিকাশে মূলত এ তিনটি উপাদানের প্রভাব লক্ষ করা যায়।

**গ** উদ্দীপকে উল্লিখিত পর্যায়টি হলো অন্তরঙ্গ বন্ধুদল, যা সহপাঠী, খেলার সাথি ও প্রতিবেশীর মধ্য থেকে সৃষ্টি হয়।

অন্তরঙ্গ বন্ধুদল সামাজিকীকরণের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। স্কুলের সহপাঠী, খেলার সাথিদের মধ্য থেকে বিশেষ পছন্দের কারণে শিশুদের অন্তরঙ্গ বন্ধুদলের সৃষ্টি হয়।

সামাজিকীকরণে অন্তরঙ্গ বন্ধুদলের ভূমিকা ব্যাপক। কারণ মানুষের জীবনে অন্তরঙ্গ ব্যক্তি বা আদর্শ সবসময় অনুকরণীয়। অন্তরঙ্গ বন্ধুদল সামাজিকীকরণের বিশেষ স্তরে সৃষ্টি হয়। মূলত সামাজিকীকরণের ফলে সৃষ্ট মূল্যবোধ তথা ব্যক্তির পছন্দের ভিত্তিতে শিশু-কিশোর কিংবা পরিণত বয়সেও মানুষের অন্তরঙ্গ বন্ধুদল সৃষ্টি হয়। প্রত্যেকের জীবনেই এ পর্যায়ের সৃষ্টি হয় এবং প্রত্যক্ষ প্রভাব সৃষ্টি করে।

**ঘ** উদ্দীপকের মালা ও শিলার নতুন নতুন আলোচনা তাদের মধ্যে নতুন নতুন চিন্তা-চেতনা সৃষ্টি করার মাধ্যমে তাদের সামাজিকীকরণে সচেতন ভূমিকা রাখছে।

উদ্দীপকে দেখা যায়, মালা ও শিলা সহপাঠী এবং অন্তরঙ্গ বন্ধু। ফলে স্কুলের পরেও তারা দুজনে একত্রে থাকে। টেলিভিশনে নতুন কিছু দেখে। বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় মেতে ওঠে। দুজনের মনের জিজ্ঞাসা এতে করে পূর্ণ হয় এবং তথ্য ও পরিবেশগত মানসিকতার আদান-প্রদান ঘটে, যা তাদের মাঝে কৌতূহল ও নতুনকে জানার উদ্দীপনা সৃষ্টিতে সহায়তা করে। মানুষ সবচেয়ে স্বতঃস্ফূর্তভাবে ও নির্দ্বিধায় অন্তরঙ্গ বন্ধুর সাথে আলোচনা করে। সমাজ ও সংস্কৃতির অনেক বিষয়ও তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি করে। ফলে তাদের জানার আগ্রহ আরও বাড়ে এবং তারা প্রতিদিন আরও নতুন কিছু শেখার চেষ্টা করে।

সামাজিকীকরণ বলতে সমাজের প্রচলিত বিষয়ের সাথে খাপখাইয়ে চলা এবং সমাজে সুন্দর ও গ্রহণযোগ্য অবস্থান সৃষ্টি করাকে বোঝায়। সুষ্ঠু সামাজিকীকরণের জন্য প্রয়োজন হলো গ্রহণযোগ্য সম্পর্ক ও জানার আগ্রহ। উদ্দীপকের মালা ও শিলার ক্ষেত্রে এ দুটি বিষয় লক্ষণীয়। দুজনে অন্তরঙ্গ বন্ধু হওয়ায় তারা পরস্পরের সাথে মতবিনিময় করে, যা তাদের পরোক্ষ সামাজিকীকরণ ঘটায়। এর ফলে সমাজের বিভিন্ন আদর্শ মেনে চলার প্রবণতাও বৃদ্ধি পায়। এছাড়াও তাদের মধ্যে মানসিক দক্ষতা,বুদ্ধিবৃত্তিক চিন্তা, সহিষ্ণু মনোভাব গঠিত হয়।

সুতরাং বলা যায় যে, উদ্দীপকের শিলা ও মালার নতুন নতুন আলোচনা তাদের মধ্যে সুষ্ঠু সামাজিকীকরণ ঘটাতে প্রত্যক্ষ ভূমিকা রাখছে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৪** কবির শহরে বাস করে। সেখানে সে তার পরিবারের সাথে থাকে। কিন্ডারগার্টেনে তাকে অনেক বই পড়তে হয়। নগর জীবনের অনেক সুযোগ-সুবিধা সে ভোগ করে। অন্যদিকে তার চাচাত ভাই মুকুল তার সমবয়সী। সে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ে। ◀*শিখনফল-৪ ও ৬*

ক. সমাজের সবচেয়ে আদি প্রতিষ্ঠান কোনটি? ১

খ. নয়াবাস পরিবার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত কবিরের সামাজিকীকরণের বিভিন্ন উপাদানের প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কবির ও মুকুলের সামাজিকীকরণের উপাদানগুলোর প্রভাব ভিন্ন— কথাটি বিশ্লেষণ কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** সমাজের সবচেয়ে আদি প্রতিষ্ঠান হলো পরিবার।

**খ** বিবাহিত দম্পতি স্বামী বা স্ত্রী কারও পিতার বাড়িতে বাস না করে পৃথক বাড়িতে বসবাস করাই নয়াবাস পরিবার। বিবাহোত্তর স্বামী-স্ত্রীর বসবাসের স্থানের ওপর ভিত্তি করে তিন ধরনের পরিবার গড়ে ওঠে। যথা- পিতৃবাস, মাতৃবাস এবং নয়াবাস পরিবার। নয়াবাস পরিবারের ক্ষেত্রে বিবাহের পর বিবাহিত দম্পতি কারও পিতার বাড়িতে বাস না করে সম্পূর্ণ আলাদা বাড়িতে বসবাস শুরু করে। শহরের চাকরিজীবীদের মধ্যে এ ধরনের পরিবার দেখা যায়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** সামাজিকীকরণের বিভিন্ন উপাদান ব্যাখ্যা করো।

**ঘ** শহর ও গ্রামে সামাজিকীকরণের উপাদানসমূহের ভিন্নতা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶৫** তুহিন চার ভাইয়ের মধ্যে সবার ছোট। সে তার এলাকার একটি স্কুলে ৯ম শ্রেণিতে পড়া লেখা করে। তার মা-বাবার মধ্যে প্রায়ই ঝগড়া লাগে। বড় ভাইরা যে যার মতো করে চলে। কেউ তুহিনের ভালো-মন্দের খবর নেয় না। তুহিনও ক্লাসের অন্যদের সাথে অসৌজন্যমূলক আচরণ করে। ◀*শিখনফল-৫*

ক. কোনটি শিশুর ব্যক্তিত্বের সুষ্ঠু বিকাশের জন্য খুবই প্রয়োজনীয়? ১

খ. বহুপতি পরিবার বলতে কী বোঝ? ২

গ. তুহিনের সামাজিকীকরণের ক্ষেত্রে সামাজিকীকরণের যে মাধ্যমটির অভাব রয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুহিনের অসৌজন্যমূলক আচরণের জন্য তার পিতা-মাতাই বেশি দায়ী— বিশ্লেষণ করো। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** পিতা-মাতার মধ্যে সুসম্পর্ক শিশুর ব্যক্তিত্বের সুষ্ঠু বিকাশের জন্য খুবই প্রয়োজনীয়।

**খ** একজন নারীর সাথে একাধিক পুরুষের বিয়ের মাধ্যমে যে পরিবার গড়ে ওঠে তাকে বহুপতি পরিবার বলে।

এ ধরনের পরিবার আধুনিক সভ্য সমাজে দেখা যায় না। তবে এক সময়ে তিব্বতে বহু স্বামী গ্রহণ পদ্ধতির প্রচলন ছিল। তাছাড়া দক্ষিণ মালাগড় অঞ্চলে টোডাদের মধ্যে এ ধরনের পরিবার দেখা যায়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উদ্দীপকে তুহিনের সামাজিকীকরণে পরিবারের ভূমিকা ব্যাখ্যা করো।

**ঘ** তুহিনের অসৌজন্যমূলক আচরণের জন্য তার মা-বাবাই দায়ী — বিশ্লেষণ করো।

### ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৬** সুরেশ দশম শ্রেণির একজন ছাত্র। সে তার বাবা-মা ও দাদা-দাদির সাথে কাশিমপুর গ্রামে বাস করে। সুরেশের বাবা একজন ব্রাহ্মণ এবং মা একজন ক্ষত্রিয়। সুরেশ পড়ালেখায় খুবই মনোযোগী। এ ছাড়া সে তার বড়দের খুব সম্মান করে। ◀*শিখনফল-১ ও ২*

ক. গণমাধ্যম কী? ১

খ. আমাদের সমাজে যৌথ পরিবার কমে যাওয়ার কারণগুলো সংক্ষেপে ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ধরনের পরিবারব্যবস্থা দেখা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুরেশের সামাজিক ও নৈতিক জীবন গঠনে তার পরিবারের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৭** মানব সমাজের মৌলিক ধারণা হল পরিবার। যেখানে পরিবার নেই, সেখানে ভদ্র ও সভ্য জীবন দেখা যায় না। সমাজের অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে পরিবারের প্রয়োজনীয়তা অত্যধিক। সমাজের এক ক্ষুদ্রতম মানব গোষ্ঠী হলো পরিবার। সমাজ জীবনের এটি প্রথম ধাপ। প্রতিটি মানুষ পরিবারে জন্মগ্রহণ করে। এটি শিশুর সমাজিকীকরণে নানা ভূমিকা পালন করে। সমাজের একটি প্রতিষ্ঠান হিসেবে পরিবার নানা ধরণের কাজ করে থাকে। ◀*শিখনফল-৪*

ক. পূর্বে ধর্ম শিক্ষার প্রাণকেন্দ্র কোনটি ছিল? ১

খ. নয়াবাস পরিবার বলতে কী বোঝ? ২

গ. অনুচ্ছেদে নির্দেশিত শিশুর যে প্রক্রিয়ার কথা বলা হয়েছে, তাতে পরিবারের ভূমিকা নির্ণয় কর। ৩

ঘ. অনুচ্ছেদের শেষ বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

# নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কোনটি মানুষের সমাজ জীবনের মূল বিষয়?**
ক বিবাহ খ মূল্যবোধ
গ আচরণ ঘ মিথস্ক্রিয়া

**২. মানুষের দলবন্ধ জীবনযাপনের বিশ্বজনীন প্রতিষ্ঠান কী?**
ক রাষ্ট্র খ সমাজ
গ সরকার ঘ পরিবার

**৩. যে পদ্ধতিতে একটি শিশু ক্রমান্বয়ে ব্যক্তিত্বসম্পন্ন সামাজিক মানুষে পরিণত হয় তাকে বলে—**
ক সমাজ কাঠামো খ সামাজিকীকরণ
গ সংস্কৃতি ঘ সভ্যতা

**৪. দক্ষিণ ভারতের মালাগড় অঞ্চলে টোডাদের মধ্যে কোন ধরনের পরিবার দেখা যায়?**
ক বহুপতি খ বহুপত্নী
গ একপত্নী ঘ একপতি

**৫. নবদম্পতি বিয়ের পর নতুন আবাস নিলে সেটি কোন পরিবার হবে?**
ক একক খ যৌথ
গ নয়াবাস ঘ পিতৃবাস

**৬. অন্তর্গোত্র বিবাহভিত্তিক পরিবার গঠনের ক্ষেত্রে যে যুক্তিটি কার্যকর ভূমিকা রাখে, তা হলো—**
i. রক্তের বন্ধন রক্ষা করা
ii. অজাচার রোধ করা
iii. রক্তের বিশুদ্ধতা রক্ষা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. মানুষের জীবনের শেষ পরিণতি সম্পন্ন হয় কীসের মাধ্যমে?**
ক সামাজিক প্রতিষ্ঠানের মাধ্যমে
খ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে
গ প্রতিবেশীদের মাধ্যমে
ঘ পারিবারিক বন্ধনের মাধ্যমে

**৮. শিশুর জীবনের শ্রেষ্ঠ শিক্ষক কে?**
ক মা খ বাবা
গ দাদি ঘ নানি

**৯. বিবাহ ব্যতিরেকে পরিবার গঠিত হয় কোন সমাজে?**
ক আদিম সমাজে
খ আফ্রিকার বাহিমা উপজাতিতে
গ মধ্যযুগে
ঘ আধুনিক সমাজে

**১০. কোনটি মানুষের দলবন্ধ জীবনযাপনের বিশ্বজনীন প্রতিষ্ঠান?**
ক গোষ্ঠী খ পরিবারৎ
গ বিদ্যালয় ঘ সম্প্রদায়

**১১. সামাজিকীকরণ কী?**
ক সামাজিক পরিবেশে খাপখাইয়ে চলার প্রক্রিয়া
খ সমাজে বসবাস করার অধিকার আদায়ের প্রক্রিয়া
গ পরিবারে বসবাস করার রীতিনীতি আয়ত্ত করার কৌশল
ঘ বিদ্যালয়ে রীতিনীতি ও নিয়ম-কানুন আয়ত্ব করার শিক্ষা

**১২. বর্তমানে সন্তান প্রসবে কোনটির ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে?**
ক হাসপাতালে প্রেরণ
খ দক্ষ দাই
গ কবিরাজি চিকিৎসা
ঘ মাতৃস্বাস্থ্য

**১৩. নয়াবাস পরিবারের ভূমিকায় কোন মনোভাব পরিলক্ষিত হয়?**
ক সচেতনতা খ অসচেতনতা
গ আত্মকেন্দ্রিক ঘ প্রতিষ্ঠা লাভ

**১৪. আকাশের বাবা তার মা থাকা সত্ত্বেও আরেকটি বিয়ে করে। এক্ষেত্রে আকাশের পরিবারটি হলো—**
i. বহুপত্নীক পরিবার
ii. বহুপতি পরিবার
iii. পিতৃতান্ত্রিক পরিবার
**নিচের কোনটি সঠিক?**
ক ii ও iii খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৫. আকারের ওপর ভিত্তি করে পরিবার কী কী ধরনের হতে পারে—**
i. অণু পরিবার
ii. যৌথ পরিবার
iii. বর্ধিত পরিবার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৬. ৬ বছর বয়সী শিউলী সরকারি এতিমখানায় বসবাস করে। এখানে তার খাওয়া-পরার যেমন কষ্ট নেই তেমনই বিনোদনের কোনো অভাব নেই। এতিমখানায় বেড়ে ওঠা শিউলীর অভাব রয়েছে—**
i. শাশ্বত বিদ্যালয়ের
ii. প্রতিবেশীর
iii. মাতৃস্নেহের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
অনন্তদের পরিবারের সদস্য সংখ্যা ১১ জন। দাদা-দাদি ও এক চাচার ছেলে-মেয়েসহ একত্রে বাস করে। সে একটি স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ে ৩য় শ্রেণিতে পড়ে। অপরদিকে তার মামা-মামির দুই সন্তান ফুল ও মেঘ একটি ক্যাডেট স্কুলে ইংলিশ মিডিয়ামে পড়ে।

**১৭. মেঘদের পরিবার কেমন?**
ক একক খ যৌথ
গ মাতৃপ্রধান ঘ বর্ধিত পরিবার

**১৮. উদ্দীপকে অনন্ত সম্পর্কে বলা যায়—**
i. অনন্ত যৌথ পরিবারে বাস করে
ii. তার পরিবার পিতৃতান্ত্রিক
iii. শিক্ষা প্রতিষ্ঠান থেকে সামাজিকীকরণের শিক্ষাগুলো পাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. বাজার, জমিজমা, বাগান, গৃহপালিত পশু, যন্ত্রপাতি প্রভৃতি কোন পরিবেশের উপাদান?**
ক মনস্তাত্ত্বিক খ সাংস্কৃতিক
গ প্রযুক্তিগত ঘ অর্থনৈতিক

**২০. মানুষের সৃষ্টি করা উপাদানসমূহ নিয়ে কোন পরিবেশ গঠিত?**
ক সামাজিক খ অর্থনৈতিক
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক

**২১. ঘর-বাড়ি, রাস্তা-ঘাট, আচার-আচরণ, জ্ঞান-বিজ্ঞান কোন পরিবেশের অন্তর্গত?**
ক অর্থনৈতিক খ সাংস্কৃতিক
গ প্রযুক্তিগত ঘ মনস্তাত্ত্বিক

**২২. আজাদ দশম শ্রেণির ছাত্র। সে ইন্টারনেটের মাধ্যমে তার বন্ধুদের সাথে যোগাযোগ রাখে। আজাদের আচার-আচরণ কোন পরিবেশের অন্তর্ভুক্ত?**
ক সাংস্কৃতিক খ ভৌগোলিক
গ প্রযুক্তিগত ঘ সামাজিক

**২৩. কোন সমাজকাঠামোতে ধর্মীয় আচার-আচরণের প্রতি গভীর মনোযোগ দেখা যায়?**
ক শহর খ কৃষি
গ গ্রাম ঘ মুসলিম

**২৪. গ্রাম ও শহর উভয় সমাজেই শিশু কোথায় লালিত-পালিত হয়?**
ক সমাজে খ গোষ্ঠীতে
গ সম্প্রদায়ে ঘ পরিবারে

**২৫. পারিবারিক জীবনের ক্রোড়ে শিশুর কোন সময়কাল অতিবাহিত হয়?**
ক শৈশব খ কৈশোর
গ যৌবন ঘ প্রৌঢ়

**২৬. সাংস্কৃতিক জীবনের বিভিন্ন বিষয়ের জ্ঞান শিশু-কিশোররা কোথা থেকে অর্জন করে?**
ক বিদ্যালয় খ পরিবার
গ সহপাঠী ঘ অন্তরঙ্গ বন্ধুদল

**২৭. স্থানীয় গোষ্ঠীর অন্তর্ভুক্ত হলো—**
i. রাজনৈতিক দল
ii. শ্রমিক সংঘ
iii. সাহিত্য ক্লাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৮. বিদ্যালয় ও সহপাঠী শিশুর মধ্যে জাগ্রত করে—**
i. সম্প্রীতিবোধ
ii. দেশপ্রেমবোধ
iii. ঈর্ষাবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
আবিদ চৌধুরী তার স্ত্রী এবং সন্তানদের শিক্ষিত ও মূল্যবোধ সম্পন্ন করে গড়ে তোলার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। ফলে তাদের সন্তানেরা সত্যবাদী, ন্যায়বোধ সম্পন্ন মানুষ হয়ে গড়ে উঠেছে।

**২৯. উদ্দীপকে সন্তানদের সামাজিকীকরণে কোন মাধ্যমটির ভূমিকা পরিলক্ষিত হয়েছে?**
ক মাতা-পিতা খ সহপাঠী
গ প্রতিবেশী ঘ ভাই-বোন

**৩০. উদ্দীপকে উল্লিখিত বাবা-মায়ের মানসিকতা—**
i. সন্তানেরা সুষ্ঠু বিকাশে সহায়তা করবে
ii. কিশোর অপরাধ লোপ পাবে
iii. ধর্মীয় গুণাবলি লোপ পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii খ ii ও iii
গ i ও ii ঘ i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১▶** দিনাজপুরের মেয়ে মিতার বিয়ে হয়েছে টাঙ্গাইলের কাগমারির পালবাড়ির ছেলে শ্যামলের সাথে। মিতা এখানে এসে লক্ষ করে এ বাড়ির ছয় ভাইয়ের পরিবারের মধ্যে বেশ সুসম্পর্ক রয়েছে। তাদের শাশুড়ির পুরনো রান্নাঘরেই রান্নার আয়োজন হয়। প্রতি বেলায় তারা তাদের শাশুড়ির রান্নাঘরেই খাওয়া-দাওয়া করে। চাচাতো ভাই-বোনের মধ্যে দারুণ সম্পর্ক। অন্যদিকে, মিতার ছোট বোন মিলি স্বামী ও এক সন্তানসহ বাস করে। মিলি মিতাকে প্রায়ই বলে, "তোমাদের মতো এ ধরনের পরিবার বর্তমানে খুব একটা দেখা যায় না।"

ক. সামাজিকীকরণের উপাদান কয়টি? ১
খ. অন্তরঙ্গ বন্ধুদল বলতে কী বোঝায়? ২
গ. কাঠামোগত দিক থেকে মিতাদের পরিবার কোন ধরনের? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "বর্তমানে মিলিদের মতো পরিবারের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে"— তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

**২▶** শহরে বসবাসরত মুনা বাবা-মায়ের একমাত্র সন্তান। স্কুল ছুটির পর তার অবসর সময় ব্যয় হয় ভিডিও গেমস খেলে এবং টেলিভিশন দেখে। সে সবসময় খিটখিটে মেজাজে থাকে ও কারো সাথে মেলামেশা করে না। আবার গ্রামে বসবাসকারী মুনার চাচাতো বোন কণা মায়ের সাথে পারিবারিক কাজে অংশ নেয় এবং সর্বদা উৎফুল্ল থাকে।

ক. অন্তর্গোত্রভিত্তিক বিয়ে কোন সমাজে প্রচলিত? ১
খ. একপত্নী পরিবারকে আদর্শ পরিবার বলা হয় কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে মুনার সামাজিকীকরণে কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. কণা এবং মুনার সামাজিকীকরণের ভিন্নতার পিছনে কার্যকর কারণগুলো বিশ্লেষণ করো। ৪

**৩▶** কবির সাহেব তার বিবাহিত দুই ছেলে ও তাদের স্ত্রী-সন্তানদের নিয়ে একই পরিবারে বসবাস করছেন। অন্যদিকে তার প্রতিবেশী হান্নান সাহেব স্ত্রীসহ অবিবাহিত তিন ছেলেকে নিয়ে বসবাস করছেন। পারিবারিক বিভিন্ন কাজে তারা প্রায়ই ব্যস্ত থাকেন।

ক. সামাজিকীকরণের ব্যাপ্তি কত? ১
খ. সামাজিকীকরণের উপাদান হিসেবে মূল্যবোধের ব্যাখ্যা দাও। ২
গ. কবির সাহেবের পরিবারটিকে যৌথ পরিবারের পাশাপাশি বর্ধিত পরিবারও বলা যায়— ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবার দুটির সুবিধা-অসুবিধার একটি তুলনামূলক চিত্র বিশ্লেষণ করো। ৪

**৪▶** 'R' ব্যস্ত বাবা-মায়ের সন্তান। সে একটি ইন্টারন্যাশনাল স্কুলে পড়াশোনা করছে। ছেলেটি বাংলার চাইতে ইংরেজিতে কথা বলতে পছন্দ করে। সে বাংলা বলে অদ্ভুত উচ্চারণে। তার আচার আচরণেও বিদেশি সংস্কৃতির প্রভাব লক্ষণীয়। এতে তার বাবা-মা চিন্তিত হয়ে পড়েন।

ক. এস্কিমো সমাজে কোন ধরনের পরিবার দেখা যায়? ১
খ. নারীর প্রতি সহিংসতার প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'R' এর সামাজিকীকরণে কোন মাধ্যমের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "R এর সুষ্ঠু সামাজিকীকরণে তার পরিবারের ভূমিকা গুরুত্বপূর্ণ" বক্তব্যটির সাথে তুমি কি একমত? মতামত দাও। ৪

**৫▶** মানব সমাজের মৌলিক ধারণা হল পরিবার। যেখানে পরিবার নেই, সেখানে ভদ্র ও সভ্য জীবন দেখা যায় না। সমাজের অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে পরিবারের প্রয়োজনীয়তা অত্যধিক। সমাজের এক ক্ষুদ্রতম মানব গোষ্ঠী হলো পরিবার। সমাজ জীবনের এটি প্রথম ধাপ। প্রতিটি মানুষ পরিবারে জন্মগ্রহণ করে। এটি শিশুর সমাজিকীকরণে নানা ভূমিকা পালন করে। সমাজের একটি প্রতিষ্ঠান হিসেবে পরিবার নানা ধরণের কাজ করে থাকে।

ক. পূর্বে ধর্ম শিক্ষার প্রাণকেন্দ্র কোনটি ছিল? ১
খ. নয়াবাস পরিবার বলতে কী বোঝ? ২
গ. অনুচ্ছেদে নির্দেশিত শিশুর যে প্রক্রিয়ার কথা বলা হয়েছে, তাতে পরিবারের ভূমিকা নির্ণয় কর। ৩
ঘ. অনুচ্ছেদের শেষ বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

**৬▶** চৌমুহনীর আবুল কালাম ঢাকায় চাকরি করেন এবং ১০ বছরের এক সন্তান ও স্ত্রী রূপাকে নিয়ে টঙ্গীতে থাকেন। পরিবারের সকল খরচ তিনিই নির্বাহ করেন। তিনি পরিবারের কর্তা। কালামের বন্ধু সুমন কারও প্রতি কোনো দায়িত্ব পালন করতে চায় না। তাই তিনি বিবাহ করতে নারাজ। কালাম সুমনকে পরামর্শ দেন, তুমি কর্তৃত্ব না করলেও সংসার চলবে। দেখ না বাংলাদেশে এমন অনেক পুরুষ আছে যাদের সংসারের কর্তৃত্ব তাদের স্ত্রীর হাতে ন্যস্ত এবং অনেক সুখেই তারা বসবাস করছে। সুমন বলল, আমি বড় পরিবারের দুঃখ দেখেছি তাই আমি ছোট আকারে পরিবার গঠনে আগ্রহী।

ক. গোষ্ঠী বা দল কী? ১
খ. মাতৃবাস পরিবারের বর্ণনা দাও। ২
গ. আবুল কালামের পরিবারকে কোন ধরনের পরিবার বলা যায়— ব্যাখ্যা করো। ৩
ঘ. বর্ধিত পরিবার শহরাঞ্চলে দেখা যায় না— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৭▶** জিনিয়ার বাবা ইফতেখার চৌধুরী তৈরি পোশাক ব্যবসায়ী। সকালবেলা বাসা থেকে বের হলে রাতের আগে বাসায় আসতে পারেন না। আজ রাতে বাসায় ফিরে তিনি টিভিতে 'জুরাসিক পার্ক' সিনেমাটি চলতে দেখে মেয়েকে নিয়ে সিনেমা দেখতে বসলেন।

ক. সামাজিক পরিবেশ কী? ১
খ. অনুলোম বিবাহভিত্তিক পরিবার কী? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের প্রথম অংশে পরিবারের কোন ধরনের কাজের কথা বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইফতেখার চৌধুরীর বাসায় ফেরার পরের কাজটি কী সামাজিকীকরণে ভূমিকা রাখে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**৮▶** আবদুল আলিম বেলতলীতে বসবাস করেন। সাথে মা-বাবা ভাই-বোন তো আছেই। স্ত্রী সন্তানদের নিয়ে মাঝে মাঝে অর্থ সংকটেও থাকে। অন্যদিকে, তার বন্ধু আবদুল হালিম বিয়ের পরই চাকরি নিয়ে চট্টগ্রামে চলে যায়।

ক. পরিবার গঠনের পূর্বশর্ত কী? ১
খ. মিথস্ক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২
গ. আবদুল আলিমের পরিবারের ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "আবদুল আলিম ও আবদুল হালিম উভয়ে পরিবারে বসবাস করলেও বাসস্থানগত দিক থেকে ভিন্ন পরিবারে বাস করে।" তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

**৯▶** মালা ও শিলা একই স্কুলে পড়ে। তারা অন্তরঙ্গ বন্ধুদলের পর্যায়ে রয়েছে। মালাদের একটি টেলিভিশন আছে। সে মাঝে মাঝে শিলাকে তাদের বাসায় টেলিভিশন দেখাতে নিয়ে যায়। তারা টেলিভিশন দেখে অনেক নতুন নতুন আলোচনায় মেতে ওঠে।

ক. সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি? ১
খ. সামাজিক মূল্যবোধ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পর্যায়টি কোথায় তৈরি হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মালা ও শিলার নতুন নতুন আলোচনা কীভাবে তাদের সামাজিকীকরণের ক্ষেত্রে ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

**১০▶** জামান সাহেব তার বিবাহিত দুই ছেলে ও তাদের স্ত্রী-সন্তানদের নিয়ে একই পরিবারে বসবাস করছেন। অন্যদিকে তার প্রতিবেশী রাজিব চৌধুরী স্ত্রীসহ অবিবাহিত এক ছেলেকে নিয়ে বসবাস করছেন।

ক. পরিবার কী? ১
খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২
গ. জামান সাহেবের বসবাসকৃত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. রাজিব চৌধুরীর পরিবারটি একটি আদর্শ পরিবার— বিশ্লেষণ কর। ৪

**১১▶** তুলি চাকরিজীবী বাবা-মার একমাত্র সন্তান। বাবা-মা ব্যস্ততার কারণে তাকে তিন বছর বয়সে একটি ডে-কেয়ার সেন্টারে ভর্তি করে দেন। তুলি বর্তমানে এসএসসি পরীক্ষার্থী। তুলির বাবা-মা লক্ষ করেছেন সে বাবা-মার প্রতি তেমন শ্রদ্ধাশীল নয়। সে সব সময় বিদ্যালয়ের শিক্ষকদের অনুসরণ করার চেষ্টা করে।

ক. বহির্গোত্রভিত্তিক বিয়ে কোন সমাজে অধিক প্রচলিত? ১
খ. পরিবারকে উৎপাদন ব্যবস্থার প্রধান একক বলা হতো কেন? ২
গ. তুলির বাবা-মার প্রতি অসৌজন্যমূলক আচরণের জন্য সামাজিকীকরণের কোন বিষয়টি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, তুলির সামাজিকীকরণে তার বিদ্যালয়ের ভূমিকাই মুখ্য? যুক্তি দাও। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |